# মাধ্যমিক ২০২৩

**বিষয়- বাংলা**

**সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট**

**(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)**

**[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]**

---

১। যে কোনো সতেরোটি প্রশ্নের সঠিক উত্তর নির্বাচন করো: ১৭×১=১৭

১.১ ইসাবের বাবা পাঠান কী বলে অমৃতের মাকে সম্বোধন করেছিলেন?

(ক) বাহালি কাকিমা বলে

(খ) বাহালি বৌদি বলে

(গ) বাহালি বহিন বলে

(ঘ) বাহালি দিদি বলে

১.২ "আশ্চর্য হয়েছি, একটু ভয়ও পেয়েছি।"- হরিদার কোন রূপ দেখে বক্তার এমন দশা হয়েছিল?

(ক) কাপালিক রূপ দেখে

(গ) পুলিশের সাজ দেখে

(খ) বাইজির রূপ দেখে

(ঘ) বিরাগী রূপ দেখে

১.৩ পুলিশ স্টেশনে বসে থাকা বাঙালিরা কোথায় কাজ করত?

(ক) বর্মা জাহাজঘাটে

(খ) বর্মা অয়েল কোম্পানিতে

(গ) বর্মা কয়লাখনিতে

(ঘ) বর্মা চটকলে

১.৪ 'অসুখী একজন' কবিতার কথক ঘুমিয়েছিলেন

(ক) বারান্দায়

(খ) মেঝেতে

(গ) ঝুলন্ত বিছানায়

(ঘ) ঘাস জন্মানো রাস্তায়

১.৫ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবি 'অস্ত্র' রাখতে বলেছেন। –

(ক) ঋষি বালকের পায়ে

(খ) নদীতে

(গ) দেশগাঁয়ে

(ঘ) গানের দুটি পায়ে

১.৬ "অভিষেক করিলা কুমারে।" – কিভাবে রাজা কুমারকে অভিষেক করলেন ?

(ক) বিশ্বপত্র দিয়ে

(খ) দধিদুধ দিয়ে

(গ) গঙ্গোদক দিয়ে

(ঘ) পাদোদক দিয়ে

১.৭ আদিতে ফাউন্টেন পেনের নাম ছিল-

(ক) ফাউন্টেন পেন

(খ) রিজার্ভার পেন

(গ) ঝর্ণা কলম

(ঘ) পার্কার পেন

১.৮ Sensitized paper -এর বাংলা অনুবাদ কী লিখলে ঠিক বলে মনে করেন লেখক—

(ক) স্পর্শ কাতর কাগজ

(খ) সুগ্রাহী কাগজ

(গ) সুবেদী কাগজ

(ঘ) ব্যথাপ্রবণ কাগজ

১.৯ "সম্ভবত শেষ পর্যন্ত নিবের কলমের মান মর্যাদা বাঁচিয়ে রেখেছিলেন একমাত্র-

(ক) অন্নদাশঙ্কর রায়

(খ) শৈলজানন্দ মুখোপাধ্যায়

(গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

(ঘ) সত্যজিৎ রায়

১.১০ অন্যের পরিচালনায় যে কতা কাজ করে, তাকে বলে-

(ক) প্রযোজক কর্তা

(খ) প্রযোজ্য কর্তা

(গ) সহযোগী কর্তা

(ঘ) উহ্য কর্তা

১.১১ 'আমাদের <u>ইতিহাস</u> নেই' – নিম্নরেখ পদটি

(ক) কর্তৃকারক

(খ) কর্মকারক

(গ) সম্বন্ধ পদ

(ঘ) অধিকরণ কারক

১.১২ উপমান ও উপমেয় পদের অভেদ কল্পনা করা হয় যে সমাসে, তার নাম

(ক) উপমিত কর্মধারয়

(খ) উপমান কর্মধারয়

(গ) রূপক কর্মধারয়

(ঘ) সাধারণ কর্মধারয়

১.১৩ 'চিরসুখী' পদটি হল

(ক) করণ তৎপুরুষ

(খ) কর্ম তৎপুরুষ

(গ) ব্যাপ্তি তৎপুরুষ

(ঘ) সম্বন্ধ তৎপুরুষ

১.১৪ ‘তোরা সব জয়ধ্বনি কর’- এটা কী জাতীয় বাক্য?

(ক) নির্দেশক বাক্য

(খ) অনুজ্ঞাসূচক বাক্য

(গ) আবেগসূচক বাক্য

(ঘ) প্রার্থনাসূচক বাক্য

১.১৫ আজকের সকালটা বেশ কাটল। – গঠনগত দিক দিয়ে বাক্যটি হ’ল

(ক) সরল বাক্য

(খ) জটিল বাক্য

(গ) যৌগিক বাক্য

(ঘ) মিশ্র বাক্য

১.১৬ মহাশয়ের কী করা হয় – এটি কোন বাচ্যের দৃষ্টান্ত?

(ক) কর্তৃবাচ্য

(খ) কর্মবাচ্য

(গ) ভাববাচ্য

(ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ যে বাক্যে কর্তা অনুপস্থিত থাকে এবং কর্মই কর্তারূপে প্রতীয়মান হয়, তাকে বলে—

(ক) কর্মবাচ্য

(খ) কর্তৃবাচ্য

(গ) কর্মকর্তৃবাচ্য

(ঘ) ভাববাচ্য

২। কম-বেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও: ১৯ ×১=১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.১.১ “হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল।” — ‘বুদ্ধি’ টা কী ছিল? –

২.১.২ “বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের।” নদের চাঁদের ভয় করার কারণ কী?

২.১.৩ “অপূর্ব মুগ্ধ হইয়া সেইদিকে চাহিয়া ছিল”— অপূর্ব কী দেখে মুগ্ধ হয়ে গিয়েছিল?

২.১.৪ “আক্ষেপ করেন হরিদা।”— হরিদার আক্ষেপের কারণ কী ?

২.১.৫ “রত্নের মূল্য জহুরির কাছেই” – কথাটির অর্থ কী?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.২.১ “যেখানে ছিল শহর”— সেখানকার কী অবস্থা হল?

২.২.২ “বলো ‘ক্ষমা করো’”- – কীসের জন্য এই ক্ষমা প্রার্থনা?

২.২.৩ “হা ধিক্ মোরে”। বক্তা নিজেকে ধিক্কার দিচ্ছেন কেন?

২.২.৪ “তথা কন্যা থাকে সর্বক্ষণ” কন্যা কোথায় থাকে?

২.২.৫ “ধ্বংস দেখে ভয় কেন তোর” – কবি ধ্বংসকে ভয় পেতে নিষেধ করেছেন কেন?

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

২.৩.১ ‘কুইল’ কাকে বলে?

২.৩.২ বঙ্গীয় সাহিত্য পরিষদের উদ্যোগে কী ত্রুটি ছিল?

২.৩.৩ “আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে।” আজ কী অবলুপ্তির পথে?

২.৩.৪ “বাংলায় বিজ্ঞান শেখা তাদের সংস্কারের বিরোধী নয়।” –কাদের পক্ষে এই শিক্ষা সংস্কার-বিরোধী নয়?

২.৪. যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮×১=৮

২.৪.১ বিভক্তি কাকে বলে?

২.৪.২ নিরপেক্ষ কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৩. ‘উপগ্রহ’ কথাটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪ ‘অলোপ সমাস’ কাকে বলে?

২.৪.৫ বিমলবাবুর ছেলে হেঁটে হেঁটে স্কুল যায় –বাক্যটির উদ্দেশ্য ও বিধেয় অংশ চিহ্নিত করো।

২.৪.৬ খাঁটি গোরুর দুধ খেতে হবে।- এটি বাক্য নয় কেন?

২.৪.৭ ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৮ ‘কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল’- জটিল বাক্যে পরিবর্তন করো।

২.৪.৯ সিঁড়ি থেকে নামা হল। – বাক্যটিকে কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.১০ চাঁদের পাহাড়ের গল্প কখনও ভুলব না- বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে রূপান্তর করো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও: ৩+৩=৬

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.১.১ “তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়”- ‘ঢং’ বলতে কী বোঝানো হয়েছে? কীসে ঢং নষ্ট হয়ে যাবে? ১+২

৩.১.২ ‘ওরা ভয়ে কাঠ হয়ে গেল “ওরা কারা? তারা ভয়ে কাঠ হয়ে গেল কেন? ১+২

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১×৩=৩

৩.২.১ “এল মানুষ ধরার দল” “মানুষ ধরার দল’ কোথায় এল ? তাদের ‘মানুষ ধরার দল’ বলার কারণ কী? ১+২

৩.২.২ “আমরা ভিখারি বারোমাস “- “আমরা” বলতে কারা ? ‘ভিখারি’ শব্দ বলে কবি কী বোঝাতে চেয়েছেন? ১+২

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৪.১ “নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে।”— কার ‘পাগলামি’-র কথা বলা হয়েছে? তার পাগলামির পরিচয় দাও? ১+৪

৪.২ “তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।”— কোন দিন তপনের এমন মনে হয়েছিল? তার এমন মনে হওয়ার কারণ কী? ২+৩

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ “হায়, বিধি বাম মম প্রতি” – বক্তা কে? তার এরূপ বক্তব্যের কারণ কী? ১+৪

৫.২ জয় গোস্বামীর ‘অস্ত্রের বিরুদ্ধে গান’ কবিতায় কবির যে যুদ্ধ বিরোধী মনোভাবের পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও? ৫

৬। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ বাংলা বিজ্ঞান বিষয়ক গ্রন্থের পাঠকদের লেখক যে দুটি শ্রেণিতে ভাগ করেছেন, তাদের পরিচয় দাও। ৫

৬.২ তাই দিয়ে আমাদের প্রথম লেখালেখি”— লেখকের প্রথম লেখালেখির আয়োজনের পরিচয় দাও। ৫

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ “বাংলার মান, বাংলার মর্যাদা, বাংলার স্বাধীনতা রক্ষার প্রয়াসে আপনারা আপনাদের শক্তি দিয়ে, বুদ্ধি দিয়ে, সব রকমে আমাকে সাহায্য করুন” সিরাজ কাদের কাছে সাহায্যের আবেদন জানিয়েছিলেন। কেন তিনি এই সাহায্যের প্রত্যাশী হয়েছেন? ১+৩

৭.২ “এই মুহূর্তে তুমি আমার দরবার ত্যাগ করো।”- বক্তা কাকে দরবার ত্যাগ করতে বলেছেন? তাকে দরবার ত্যাগ করতে বলার কারণ কী? ১+৩

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০

৮.১ ক্ষিদ্দা কীভাবে কোনির জীবনে প্রেরণা হিসাবে কাজ করেছিল, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৮.২ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল"— কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল, তা লেখো। ৫

৮.৩ "ঘাটে থই থই ভিড়।" – কোন্ ঘাটে থই থই ভিড়? ভিড়ের কারণ কী? এই ভিড়ের.. বর্ণনা দাও। ১+১+৩

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো: 8

**It is very difficult to get rid of bad habits. So, we should be very careful that we do not get into bad habits in our childhood. Idleness is one such bad habit. Every boy and girl should be diligent.**

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

১০.১ প্লাস্টিকের ব্যবহার নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'নিজস্বী (সেলফি) তুলতে গিয়ে দুর্ঘটনা'- এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ১০

১১.১ বর্তমান যুগ ও কুসংস্কার

১১.২ বন ও বন্যপ্রাণ সংরক্ষণ

১১.৩ বাংলার ঋতু বৈচিত্র

১১.৪ একটি পথের আত্মকথা

[কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২। কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো চারটি): ৪×১=৪

১২.১ "এর মধ্যে তখন কোথা?" — উক্তিটিতে কী বোঝানো হয়েছে?

১২.২ "বুড়োমানুষের কথাটা শুনো" – বুড়ো মানুষটি কী কথা বলেছিলেন?

১২.৩ "নদেরচাঁদটি ভীত হইয়া গেল" – নদেরচাঁদের ভীত হইবার কারণ কী?

১২.৪ "তবে এ বার্তা, এ অশুভ বার্তা," — বার্তাটি অশুভ কেন?

১২.৫ "বন্ধুরা প্রদীপ তুলে ধর" – বন্ধুরা প্রদীপ তুলে ধরবে কেন?

১৩। কম-বেশি ৩০টি শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৩=৬

১৩.১ "পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?" — কোন ঘটনাটিকে কেন অলৌকিক বলা হয়েছে? ১+২

১৩.২ "সে যে কর্ম্মে এসেছে এ খবর সত্য" – কার কথা বলা হয়েছে? বাঘের জন্য কী ব্যবস্থা গ্রহণের কথা বলেছেন? ১+২

১৩.৩ "পদ্মকন্যা পাখিলা চেতন" – 'পদ্মকন্যা' কীভাবে চেতনা ফিরে পেল? ১+২